

চিত্রশিল্পী এস এম সুলতান স্মরণে নড়াইলে শিল্পকলা উৎসব ২০২৫ শুরু

- A Monitor Desk Report

Date: 27 February, 2025



নড়াইল : বিশ্ব বরেণ্য চিত্রশিল্পী এস এম সুলতান স্মরণে বাংলাদেশ শিল্পকলা একাডেমির উদ্যোগে নড়াইলে বুধবার (২৬ ফেব্রুয়ারি) থেকে শুরু হলো নড়াইল শিল্পকলা উৎসব ২০২৫। উৎসবকে কেন্দ্র করে ২৬ ও ২৮ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে নানান কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

সকাল ১০:০০ টায় এস এম সুলতানের সমাধিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে কর্মসূচি শুরু হয়। সকাল ১০:৩০ টায় শিশুস্বর্গ ও এস এম সুলতান স্মৃতি সংগ্রহশালায় ‘ভূমিপুত্র: চিত্রশিল্পীদের কর্মশালা’ এবং ‘ঐ নূতনের কেতন ওড়ে: জুলাই অভ্যুত্থানের দেয়ালচিত্র প্রদর্শনী’ ও ‘শিশুস্বর্গের শিক্ষার্থীদের চিত্র প্রদর্শনী’র উদ্বোধন করা হয়।

কর্মশালা উদ্বোধন করেন নড়াইলের অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মোঃ আহসান মাহমুদ রাসেল, বাংলাদেশ শিল্পকলা একাডেমির চারুকলা বিভাগের পরিচালক মোস্তফা জামান এবং খুলনা আর্ট কলেজের অবসরপ্রাপ্ত শিক্ষক শিল্পী বিমানেশ বিশ্বাস।

আগামী ২৮ ফেব্রুয়ারি ২০২৫, শুক্রবার সকাল ১০ টায় শিশুস্বর্গ ও এস এম সুলতান স্মৃতি সংগ্রহশালায় পাপেট শো ও কর্মশালা অনুষ্ঠিত হবে। পরিচালনায় থাকবেন জলপুতুল পাপেটস্।

বিকাল ৫:৩০ টায় নড়াইল জেলা শিল্পকলা একাডেমিতে ‘এস এম সুলতানের জীবন ও কর্ম’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হবে। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন নড়াইলের জেলা প্রশাসক শারমিন আক্তার জাহান।

সেমিনারে প্রবন্ধ উপস্থাপন করবেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ভাস্কর্য বিভাগের বিভাগীয় প্রধান শিল্পী ইমাম হোসেন সুম্ন।

বক্তা হিসেবে উপস্থিত থাকবেন শিল্পী মাহবুব জামান শামী, শিল্পী বিমানেশ বিশ্বাস ও শিল্পী স্বান্তনা শাহরিন নিনি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিতিকদার এবং সাংস্কৃতিক ব্যক্তিত্ব শেখ হানিফ। এতে সভাপতিত্ব করবেন বাংলাদেশ শিল্পকলা একাডেমির চারুকলা বিভাগের পরিচালক মোস্তফা জামান।

সন্ধ্যা ৬:৩০ টায় শিল্পী নিখিল চন্দ্র দাস-এর পটগান এবং স্থানীয় গানের দল সংগীত পরিবেশন করবে।ত থাকবেন সাংস্কৃতিক ব্যক্তিত্ব এ্যাড.
মোঃ ইকবাল হোসেন।

-B